


০৫



**সরকারী কলেজ
শিক্ষকদের
৬-দফা দাবী**

(ইত্তেফাক রিপোর্ট)

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির আহ্বায়ক জাহানারা বেগম ও নির্বাহী যুগ্ম আহ্বায়ক মোরান্বেম হোসাইন খান গতকাল (সোমবার) জাতীয় প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে সমিতির ৬ দফা দাবী আগামী ৩১শে মে'র মধ্যে মানিয়া নেওয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানাইয়াছেন। দাবীসমূহের মধ্যে রহিয়াছে— সরকারী কলেজ শিক্ষকদের চাকুরী বিধি প্রণয়ন ও বাস্তবায়ন এবং শিক্ষামন্ত্রণালয়ের উর্ধ্বতন পদ শিক্ষা ক্যাডারের অফিসারদের দ্বারা পূরণ, অধ্যাপকদের সিলেকশন গ্রেড প্রদানসহ সরকারী কলেজের সকল শূন্যপদ পূরণ, জাতীয়করণকৃত কলেজ শিক্ষকদের সার্ভিস ২২/৪/৬৮ পূর্ব চাকুরীকাল গণ্য করিয়া টাইম স্কেল প্রদান, জাতীয়করণকৃত কলেজে এনাম কমিটির সুপারিশ মোতাবেক স্থায়ী পদ সৃষ্টি এবং অবসর গ্রহণের সময়সীমা ৬০ বছর নির্ধারণ।

উল্লিখিত দাবীসমূহ আদায়ের লক্ষ্যে ২৫শে এপ্রিল দাবী দিবস পালন, ৩রা জুন প্রতীক কর্মবিরতি এবং ৫ই জুন সমিতির সাধারণ সভায় পরবর্তী আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হইবে।

সরকারী কলেজ শিক্ষক সমিতির কর্মকর্তাগণ জানান, উল্লিখিত দাবীনামা সহস্রাধিক একটি স্মারকলিপি গত ১২ই এপ্রিল শিক্ষা সচিবের নিকট পেশ করা হইয়াছে। যুগ্ম আহ্বায়ক আলী আকবর খান উল্লেখ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।